

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

[কাস্টমস: ক্লাসিফিকেশন এ্যান্ড এ্যাডভান্স রুলিং শাখা]

নথি নং-০৮.০১.০০০০.০৫৪.১১.০০১.২০২২/০২

তারিখ: ০৪ জানুয়ারি, ২০২৩ খ্রিঃ।

কাস্টমস রুলিং (অগ্রিম) নং- ৪৫/২০২২)

বিষয়ঃ আমদানিতব্য 'Black Master Batch' নামক পণ্যের শ্রেণীবিন্যাস বিষয়ক অগ্রিম রুলিং।

সূত্রঃ Walton Hi-Tech Industries PLC এর ১৩/০৪/২০২২ খ্রিঃ তারিখের দাখিলকৃত আবেদন।

Walton Hi-Tech Industries PLC নামক প্রতিষ্ঠান 'Black Master Batch' নামক পণ্যের শ্রেণীবিন্যাস বিষয়ে অগ্রিম রুলিং চেয়ে জাতীয় রাজস্ব বোর্ডের অগ্রিম রুলিং ইউনিট বরাবর নির্ধারিত ফরম-এ আবেদন করেছেন।

(ক) আবেদনকারীর পরিচিতি:

আবেদনকারীর নাম	Walton Hi-Tech Industries PLC
আবেদনকারীর ঠিকানা	Walton Hi-Tech Industries PLC, Chandra, Kaliakair, Gazipur-1750.

(খ) রুলিং সংশ্লিষ্ট পণ্যের বিবরণ:

পণ্যের জেনেরিক, বাণিজ্যিক এবং প্রচলিত নাম	Black Master Batch
যে ভৌত অবস্থায় (Form) প্রকৃতিতে আমদানি করা হবে	Solid Pettets (Cylindrical/Sperical)
উৎস দেশ (কান্ট্রি অব অরিজিন)	UAE
আমদানিকারক কর্তৃক প্রস্তাবিত শ্রেণীবিন্যাস	2803.00.00 or 3206.49.00

২। আবেদনকারীর ঘোষণা অনুযায়ী আমদানিয় পণ্যের বিবরণ:

Black Master Batch পণ্যটি Injection and Extrusion Process এর ক্ষেত্রে ব্যবহৃত হবে। পণ্যটি Solid Pettets (Cylindrical/Sperical) form প্রকৃতিতে আমদানি করা হবে। পণ্যের গঠন উপাদান হচ্ছে Resin (PP of PE), Carbon Black Pigment and Additive.

৩। বর্ণিত পণ্যের সঠিক শ্রেণীবিন্যাস এবং শ্রেণীবিন্যাসের পক্ষে যুক্তিঃ

আমদানিকারকের চাহিত এইচ এস কোড 3206.49.00 যা হেডিং 32.06 এর অন্তর্ভুক্ত। আমদানিতব্য পণ্যটি Black Master Batch যা Color Master Batch হিসেবে সরাসরি এইচ এস কোড 3206.19.20 তে উল্লেখিত আছে। তবে Bangladesh Customs Tariff (BCT), ২০২২-২০২৩ হতে দেখা যায়, এইচ এস কোড 3206.19.20 তে শ্রেণিবিন্যাসিত হতে হলে পণ্যটিতে আবশ্যিকভাবে Titanium Dioxide এর উপস্থিতি থাকতে হবে। কিন্তু বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় হতে প্রাপ্ত রাসায়নিক পরীক্ষার প্রতিবেদন (BRTC No. 110266360/ChE/2022-23, Date: 18/07/2022) অনুসারে আমদানিতব্য পণ্যের সরবরাহকৃত নমুনায় Titanium Dioxide পাওয়া যায়নি। এমতাবস্থায়, পণ্যটি এইচ এস কোড 3206.19.20 তে শ্রেণিবিন্যাসিত হওয়ার সুযোগ নেই। প্রাপ্ত রাসায়নিক পরীক্ষার প্রতিবেদন অনুসারে পণ্যটির গঠন এরূপঃ “..it contains around 27wt% Carbon Black and the rest combustible hydrocarbons... ”. অর্থাৎ পণ্যটিতে chromium compounds পাওয়া যায়নি এবং এ কারণে পণ্যটিকে Pigments and preparations based on chromium compounds অর্থাৎ এইচ এস কোড 3206.20.00 তে শ্রেণিবিন্যাস করা যাবে না। তবে প্রাপ্ত রাসায়নিক পরীক্ষার প্রতিবেদনে পণ্যটির ব্যবহার সম্পর্কে বলা হয়েছে “...Black Master Batch is widely used in plastic industry for coloration, reducing production costs and performance.” যেহেতু পণ্যটি coloring matter and other preparation হিসেবে ব্যবহৃত হয়, সুতরাং পণ্যটি এইচ এস কোড 3206.49.00 তে শ্রেণিবিন্যাসিত হবে। কাস্টমস রুলিং (অগ্রিম), বিধিমালা, ২০১৬ এর বিধি ০৯ মোতাবেক এই অগ্রিম রুলিং জারি করা হল।

৪। অগ্রিম রুলিং এর কার্যকারিতা:

এই অগ্রিম রুলিং জারি হওয়ার তারিখ হতে ১৮ (আঠার) মাস পর্যন্ত কার্যকর থাকবে।

৫। আবেদনকারীর জন্য গুরুত্বপূর্ণ তথ্য:

(ক) এই অগ্রিম রুলিং এর কার্যকারিতা থাকাকালীন তৎকর্তৃক আমদানিয় পণ্যের জন্য বাংলাদেশের সকল কাস্টমস স্টেশনে ব্যবহার করতে পারবে।

(খ) এই অগ্রিম রুলিং এ সংশ্লিষ্ট হলে রুলিং প্রাপ্তির তারিখ হতে ৬০ (ষাট) কার্যদিবসের মধ্যে তা রিভিউ এর জন্য অগ্রিম রুলিং ইউনিট বরাবরে লিখিতভাবে আবেদন করতে পারবে। রিভিউ আবেদনে উক্তরূপ আবেদনের যৌক্তিকতা সবিস্তারে উল্লেখ করতে হবে।

স্বা/-
০৪/০১/২০২৩

(মোঃ মাসুদ সাদিক)

সদস্য (গ্রেড-১) (কাস্টমস: নীতি ও আইসিটি)

ও

সভাপতি, অগ্রিম রুলিং ইউনিট

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

কমিশনার অব কাস্টমস

কাস্টম হাউস, চট্টগ্রাম/ ঢাকা/ বেনাপোল/ আইসিডি (কমলাপুর)/ মোংলা/ পানগাঁও।

নথি নং-০৮.০১.০০০০.০৫৪.১১.০০১.২০২২/ ০২(২৫)

তারিখ: ০৪ জানুয়ারি, ২০২৩ খ্রিঃ।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১-১৬। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)/ (দক্ষিণ)/ (পূর্ব) / (পশ্চিম)/ চট্টগ্রাম/ রাজশাহী/ সিলেট/ কুমিল্লা/ খুলনা/ যশোর/ রংপুর/ বহুং করদাতা ইউনিট (মুসক)/ (আপীল) ঢাকা-১/ (আপীল) ঢাকা-২/ (আপীল) চট্টগ্রাম/ (আপীল) খুলনা।

১৭-২০। মহাপরিচালক, কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা/ শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ঢাকা/ নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, মূল্য সংযোজন কর, ঢাকা/ কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, চট্টগ্রাম।

২১-২২। কমিশনার, কাস্টমস বন্দ কমিশনারেট, ঢাকা/ চট্টগ্রাম।

২৩। কমিশনার, কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা।

২৪। প্রথম সচিব (কাস্টমস নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।

২৫। দ্বিতীয় সচিব (কাস্টমস নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।

২৬। সত্বাধিকারী, Walton Hi-Tech Industries PLC, Chandra, Kaliakair, Gazipur-1750.

২৭। ব্যক্তিগত সহকারী, সদস্য (কাস্টমস: নীতি ও আইসিটি), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।

২৮। সিস্টেমস ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা (ওয়েব-সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)

মুকিতুল হাসান
দ্বিতীয় সচিব

কাস্টমস: ক্লাসিফিকেশন এন্ড এ্যাডভান্স রুলিং

ও

সদস্য সচিব, অগ্রিম রুলিং ইউনিট

ই-মেইল: nhrclassification@gmail.com